গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

## অফিস আদেশ

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০৩৯.২০১৯/১১৩৩/৭ তারিখ: ০১/১১/২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ তদন্ত কর্মকর্তা নিয়োগ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জনানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলার মির্জাপুর উপজেলাধীন মির্জাপুর সরকারি কলেজের ইংরেজী বিভাগের সহকারী অধ্যাপক জনাব মো: শহীদুল্লাহ এর বিরুদ্ধে বিভিন্ন বিষয়ে জনাব মো: একাব্বর হোসেন, এম.পি মহোদয় অভিযোগ করে জরুরী ভিত্তিতে তাকে প্রত্যাহারপূর্বক তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন করেন।

অভিযোগের বিবরণঃ জনাব মো: একাব্বর হোসেন, এম.পি মহোদয় টাঙ্গাইল জেলার মির্জাপুর উপজেলাধীন মির্জাপুর সরকারি কলেজের ইংরেজী বিভাগের সহকারী অধ্যাপক জনাব মো: শহীদুল্লাহ-এর বিরুদ্ধে বিভিন্ন বিষয়ে অভিযোগ দায়ের করেছেন। তিনি উল্লেখ করেছেন যে, জনাব শহীদুল্লাহ ০৯/০৪/১৯৮৮ তারিখে বর্ণিত কলেজে প্রভাষক পদে যোগদান করেন। পরবর্তীতে তিনি প্রভাষকের পদ হতে পদত্যাগ করেন যা ১১/০৪/১৯৯২ তারিখে কার্যকর হয়। পদত্যাগের পর তিনি টাঙ্গাইল জেলা সদরে অবস্থিত বিন্দুবাসিনী সরকারি বালক উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইলে ১২/০৪/১৯৯২ তারিখে যোগদান করে ০৪/০৭/১৯৯২ তারিখ পর্যন্ত কর্মরত ছিলেন। উক্ত বিদ্যালয় হতে ১২/০৪/১৯৯২ হতে ৩০/০৬/১৯৯২ তারিখ পর্যন্ত বেতন ভাতা উত্তোলন করেন। পরবর্তীতে তিনি মির্জাপুর কলেজে যোগদানকরে অদ্যবধি কর্মরত আছেন। বর্ণিত শিক্ষকের ফিরে আসা সম্পূর্ণ অবৈধ বলে তিনি উল্লেখ করেন। শিক্ষা মন্ত্রণালয়ে ০৫/০৮/২০১৩ তারিখ-এর পত্রে উল্লেখ আছে তিনি মির্জাপুর কলেজ হতে পদত্যাগ করে অন্য একটি প্রতিষ্ঠানে চাকুরী করেছেন। অতঃপর কোন নিয়োগ বিজ্ঞপ্তি ছাড়া পুনরায় মির্জাপুর কলেজে এমপিওভুক্ত হন। মির্জাপুর কলেজ হতে পদত্যাগ পত্র দাখিল করেছেন। বিন্দুবাসিনী সরকারি বালক উচ্চ বিদ্যালয় হতে বেতন উত্তোলনের তথ্য প্রদান করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, টাঙ্গাইল জেলার মির্জাপুর উপজেলাধীন মির্জাপুর সরকারি কলেজের ইংরেজী বিভাগের সহকারী অধ্যাপক জনাব মো: শহীদুল্লাহ এর বিরুদ্ধে উপরিউক্ত বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য উপপরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

তদন্ত কর্মকর্তা বিধি মোতাবেক টিএ/ডি.এ প্রাপ্য হবেন।

স্বাক্ষরিত/-
প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক
ফোনঃ ৯৫৫৩৫৪

তদন্ত কর্মকর্তা:

১। উপপরিচালক (কলেজ)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০৩৯.২০১৯/১১৩৩/৭ তারিখ: ০১/১১/২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
২. সভাপতি মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি (সভাপতি মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. বিভাগীয়/জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ময়মনসিংহ;
৪. উপজেলা নির্বাহী অফিসার, মির্জাপুর, টাঙ্গাইল;
৫. জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল;
৬. অধ্যক্ষ, মির্জাপুর সরকারি কলেজ, মির্জাপুর, টাঙ্গাইল; (তদন্ত কাজে সার্বিক সহযোগিতার অনুরোধসহ)
৭. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাউশি অধিদপ্তর, ঢাকা; (মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮. জনাব মো: শহীদুল্লাহ, সহকারী অধ্যাপক (ইংরেজী), মির্জাপুর সরকারি কলেজ, মির্জাপুর, টাঙ্গাইল;
৯. সংরক্ষণ নথি।

1.11.2020
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোন নং-৯৫৫৬০৫৭
Email-ncollege@ dshe.gov.bd

.C:/Tangail later/(504)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

অফিস আদেশ

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১০৯.২০১৮/ ১১২৩/৮ তারিখ: ২৭/১০/২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ তদন্ত কর্মকর্তা নিয়োগ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জনানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলার মির্জাপুর উপজেলাধীন নতুন কহেলা কলেজের আইসিটি বিষয়ের প্রভাষক জনাব মো: আমির হামজা মিয়া এর এনটিআরসিএ কর্তৃক ২৪/০১/২০১৯ তারিখে নিয়োগ প্রাপ্ত হয়ে এমপিওভুক্তির জন্য আবেদন করেন। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ হতে এমপিওভুক্তি বিষয়ে আপত্তি প্রদান করলে তিনি মহামান্য হাই কোর্টে রিট পিটিশন নং-৬৪৬৩/২০১৯ দাখিল করেন। বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত অনুযায়ী জনবল কাঠামো অনুসারে এমপিওভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মতামত দেয়। সেই পরিপ্রেক্ষিতে জনাব মো: আমির হামজা মিয়া-এর নিয়োগ প্রক্রিয়া, প্রাপ্যতা/কম্পিউটার সনদের বৈধতা সম্পর্কে সুস্পষ্ট মতামত প্রয়োজন।

এমতাবস্থায়, নতুন কহেলা কলেজের আইসিটি বিষয়ের প্রভাষক জনাব মো: আমির হামজা মিয়া এর নিয়োগ প্রক্রিয়া, প্রাপ্যতা/কম্পিউটার সনদের বৈধতার বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য উপপরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

তদন্ত কর্মকর্তা বিধি মোতাবেক টিএ/ডি.এ প্রাপ্য হবেন।

স্বাক্ষরিত/-
প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক
ফোনঃ ৯৫৫৩৫৪

তদন্ত কর্মকর্তা:

১। উপপরিচালক (কলেজ)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
ঢাকা অঞ্চল, ঢাকা।

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০৩৯.২০১৯/ তারিখ: /১০/২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
২. সভাপতি, পরিচালনা পরিষদ, নতুন কহেলা কলেজ, মির্জাপুর, টাঙ্গাইল;
৩. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
৪. জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল;
৫. অধ্যক্ষ, নতুন কহেলা কলেজ, মির্জাপুর, টাঙ্গাইল; (তদন্ত কাজে সার্বিক সহযোগিতার অনুরোধসহ)
৬. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাউশি অধিদপ্তর, ঢাকা; (মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭. জনাব মো: আমির হামজা মিয়া, প্রভাষক (আইসিটি), নতুন কহেলা কলেজ, মির্জাপুর, টাঙ্গাইল; (তদন্ত কাজে সার্বিক সহযোগিতার অনুরোধসহ)
৮. সংরক্ষণ নথি।

29.10.2020
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোন নং-৯৫৫৬০৫৭
Email-ncollege@ dshe.gov.bd

.C:/Tangail later/(506)